ত্রিপুরা হাফাঙ
ককথুম তেই হুকুমু দাগিখুঙ
*****

স-৩৭৩৪

উদয়পুর, ১২ নভেম্বর, ২০২৫

**সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্মজয়ন্তী উপলক্ষে ১৫ নভেম্বর গোমতী জেলায় জেলাভিত্তিক পদযাত্রা**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্মজয়ন্তীর বর্ষব্যাপী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আগামী ১৫ নভেম্বর গোমতী জেলায় জেলাভিত্তিক পদযাত্রা অনুষ্ঠিত হবে। আজ গোমতী জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু ল্যাথের একথা জানান। তিনি বলেন, আগামী ১৫নভেম্বর সকাল ৭টায় গোমতী জেলাভিত্তিক পদযাত্রা স্পোর্টসগ্রাউন্ড প্রাঙ্গণ থেকে শুরু হবে এবং মাতাবাড়ি মন্দির প্রাঙ্গণে শেষ হবে। এই পদযাত্রার সাথে বৃক্ষরোপন, সাফাই অভিযান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। তিনি জানান কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের উদ্দেশ্যই হল রাজ্য ও দেশকে এগিয়ে নিয়ে যাওয়া এবং ঐক্যের পদযাত্রায় সবাইকে সামিল করা। এক ভারত শ্রেষ্ঠ ভারত এবং এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে সকল অংশের জনগণকে এই ঐক্যের পদযাত্রায় অংশ গ্রহণ করার জন্য তিনি আহ্বান জানান। তিনি আরও জানান এই জেলাভিত্তিক পদযাত্রায় অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, জেলার বিধায়কগণসহ অন্যান্যরা অংশ গ্রহণ করবেন। এই জেলাভিত্তিক পদযাত্রা অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, মাই ভারত গোমতী ডিস্ট্রিক্ট, নেহেরু যুব কেন্দ্র, জেলা প্রশাসন, জিলা পরিষদ, উদয়পুর পুর পরিষদ, শিক্ষা দপ্তর, জনজাতি কল্যাণ দপ্তর, বিভিন্ন সামাজিক সংগঠনসহ এনএসএস, এনসিসি, স্কাউট গাইড, সমাজ সেবকগণ অংশ গ্রহণ করবেন।

********